ISSN 2227-9776

মুজিববর্ষের অঙ্গীকার,
উন্নয়ন-অর্থায়নের উৎস
হবে পুঁজিবাজার

ম্যি এম ই
বাজার পরিক্রমা

FKk´u 2021



Monthly Market Trend

- Average Return
- Daily Return
- Volatility
- Momentum
- Velocity
- Sectoral Volatility
- CSE-30 RSI
- CSE-30 Price Volatility
- Sectoral Correlation Coefficient &
- Other regular statistics
  (KxFxA mJ\Jr kKrxÄUqJj)

ßv~JrmJ\Jr kptJPuJYjJ : %ojmtJKÜT RhIXoNv
প. প্তড়ঙ্খুঔক্ষযীঔচুঁ ॥ণ্ঠৎ

IgtQjKfT oªJ, Yâ FmÄ KmKjP~JV ßTRvu
প. অড়ল এঁয়ঔব প্তণজরগৎখ

CHITTAGONG STOCK EXCHANGE

Y¢V´Jo ˆT FéPY† KuÎ

CHITTAGONG STOCK EXCHANGE

সিএসই বাজার পরিক্রমা

বোর্ড অব ডাইরেক্টরস্

আসিফ ইব্রাহিম	চেয়ারম্যান
অধ্যাপক এস. এম. সালামত উল্লাহ ভূঁইয়া	ডাইরেক্টর
এস. এম. আবু তৈয়ব	ডাইরেক্টর
সোহেল মোহাম্মদ শাকুর	ডাইরেক্টর
মোঃ লিয়াকত হোসেন চৌধুরী, এফসিএ, এফসিএমএ	ডাইরেক্টর
ব্যারিষ্টার আনিতা গাজী ইসলাম	ডাইরেক্টর
সৈয়দ মোহাম্মদ তানভীর	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
মোঃ ছায়েদুর রহমান	ডাইরেক্টর
মোঃ সিদ্দিকুর রহমান	ডাইরেক্টর
মোহাম্মদ মহিউদ্দিন, এফসিএমএ	ডাইরেক্টর
মামুন-উর-রশিদ	ব্যবস্থাপনা পরিচালক পদাধিকার বলে ডাইরেক্টর

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৫.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭
ড. এ. কে. আবদুল মোমেন	১৩.০২.২০১৭ থেকে ০৮.০১.২০১৯
মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	৩১.০৩.২০১৯ থেকে ২৪.০২.২০২০

এডিটোরিয়াল প্যানেল

মামুন-উর-রশিদ
ম্যানেজিং ডিরেক্টর

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

কর্পোরেট অফিস :
১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :
ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ০৮২১-৭১১৮৬০, ৭২৯৫৯০, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বন করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

বৎসরাধিক কাল ধরে চলমান মহামারির প্রকোপ আকস্মিকভাবে সম্প্রতি বাড়লেও সিএসই বাজারে এখনো তেমন নেতিবাচক প্রভাব পড়েনি। এরই মধ্যে, ২৪ মার্চে সিএসইতে রেকর্ড পরিমাণ লেনদেন হয়, ঐদিন টার্নওভার ভেল্যু বা লেনদেন মূল্য ও মার্কেট শেয়ার দাঁড়ায় যথাক্রমে ২৩.৪% ও ১৭৭ কোটি টাকা। এর পরবর্তী পাঁচ লেনদেন দিবসে, ২৫ মার্চ থেকে ০১ এপ্রিল পর্যন্ত, দেশের পুঁজিবাজারে সিএসইর মার্কেট শেয়ার হয় যথাক্রমে ৫.২৬%, ৬.৮৭%, ৬.০১%, ৬.১৯% এবং ৫.৩৬%। এই ধারাবাহিকতায় ০৬ এপ্রিলে সিএসইতে ১৫০ কোটি টাকার শেয়ার লেনদেন হয় এবং মার্কেট শেয়ার দাঁড়ায় ২২.৮৯%।

এদিকে পুঁজিবাজারে স্বচ্ছতা ও গতিশীলতা বজায় রাখতে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের জোরালো প্রয়াস অব্যাহত রয়েছে। সম্প্রতি বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এক আন্তর্জাতিক সম্মেলনে বলেন, সব সূচকেই ভালোভাবে সক্রিয় বাংলাদেশের অর্থনীতিকে আরও টেকসই করতে বিএসইসি দ্রুতই "গ্রীনবন্ড" বাজারে নিয়ে আসবে। স্বাধীনতার প্রথম ৩০ বছরে দেশের আশানুরূপ উন্নতি না হওয়ায় এখন আমাদের দ্বিগুণ গতিতে এগোতে হবে বলে কৃত তাঁর বক্তব্য তাই প্রণিধানযোগ্য হয়ে ওঠে।

গত বছর মহামারির প্রভাবে পুঁজিবাজারে দর পতন শুরু হলে তা ঠেকানোর পাশাপাশি বিনিয়োগকারীদের আতঙ্ক দূর করতে তালিকাভুক্ত সিকিউরিটিজের সর্বনিম্ন দর বেঁধে দেয় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি। এর ফলে দরপতন ঠেকানো গেলেও অনেক শেয়ারই ফ্লোর প্রাইসে এসে থমকে থাকে। ক্রেতা না থাকার কারণে পুঁজিবাজারের প্রায় এক-তৃতীয়াংশ কোম্পানিরই শেয়ারের লেনদেন না হওয়ার পরিপ্রেক্ষিতে, এ অচলাবস্থা দূর করতে, সম্প্রতি ৬৬টি কোম্পানির ফ্লোর প্রাইস তুলে নেয়ার সিদ্ধান্ত নেয় বিএসইসি। ক্রেতা না থাকার কারণে এই সিকিউরিটিজের লেনদেনও হয়নি। পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে কমিশন ৫০ টাকা পর্যন্ত দর রয়েছে এমন ৬৬টি সিকিউরিটিজের ফ্লোর প্রাইস তুলে দেয়ার সিদ্ধান্ত নেয়। এতে লেনদেন খরা কাটবে।

তাছাড়া, এই কোভিডকালে সূচকের পতন ঠেকাতে এবং শেয়ারবাজারে বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধিকল্পে বিএসইসি মার্জিন ঋণের হার সাময়িক ভাবে ৫০% থেকে ৮০%-এ উন্নীত করেছে। বিএসইসি জানায়, করোনার কারণে প্রান্তিক ঋণের (মার্জিন লোনের) হারে কিছুটা পরিবর্তন আনা হয়েছে। বিনিয়োগকারীদের স্বার্থে এটি করা হয়েছে। ৭ এপ্রিল থেকেই এ সিদ্ধান্ত কার্যকর হবে যাতে বিনিয়োগকারীরা বেশি ঋণ নিয়ে বাজারে বিনিয়োগের সুযোগ পান। গত বছর ডিসেম্বরে ওটিসি (ওভার দ্য কাউন্টার)ভুক্ত সক্রিয় থাকা ও না-থাকা কোম্পানিগুলোর বাণিজ্যিক কার্যক্রম পরীক্ষা করতে বিশেষভাবে নিরীক্ষক নিয়োগের জন্যে সিএসই ও ডিএসইকে প্রদত্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে আরও আটটি কোম্পানিকে তালিকাচ্যুত করার পরিকল্পনা করছে বলে জানায় বিএসইসি।

পত্রিকান্তরে বলা হয়, কমিশন সূত্রে জানা গেছে, এক্সচেঞ্জের মূল মার্কেটে প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে তালিকা ভুক্তির জন্যে আবেদন করা কিছু কোম্পানিকে এসএমই প্ল্যাটফর্মে নিয়ে আসতে কাজ করছে বিএসইসি। এর মধ্যে রয়েছে সুব্রা সিস্টেমস, অরিজা এগ্রো ইন্ডাস্ট্রিজ, মাস্টার ফিড এগ্রোটেক ও নায়েল কোঅ্যালয়। এ কোম্পানিগুলো বিভিন্ন কারণে মূল মার্কেটে আসার অনুমোদন পায়নি। তারা এখন এসএমই প্ল্যাটফর্মে তালিকা ভুক্তির জন্যে আগ্রহ প্রকাশ করেছে। কেউ কেউ বিএসইসির কাছে এসএমই প্ল্যাটফর্মের জন্যে নির্দিষ্ট থাকা পরিশোধিত মূলধনের সর্বোচ্চ সীমার বিষয়ে ছাড় চেয়ে আবেদনও করেছে। এক্ষেত্রে ছাড় দিয়ে হলেও কোম্পানিগুলোকে এসএমই প্ল্যাটফর্মে নিয়ে আসতে চায় কমিশন। এসব কোম্পানির পাশাপাশি ওভার দ্যকাউন্টার (ওটিসি) মার্কেটে থাকা কিছু কোম্পানি যাদের পারফরম্যান্স ভালো তাদেরও এই প্ল্যাটফর্মে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। এছাড়া তথ্য প্রযুক্তিখাতের কয়েকটি স্টার্টআপ কোম্পানিকে এতে নিয়ে আসতে কাজ করছে বিএসইসি। সব মিলিয়ে এ বছরের জুনের মধ্যে ৮ থেকে ১০টি কোম্পানির মাধ্যমে এসএমই প্ল্যাটফর্মের যাত্রা শুরু করার পরিকল্পনা কমিশনের রয়েছে বলেও জানা যায়, যা বাজার সংশ্লিষ্ট সকলের জন্যে আশাব্যঞ্জক। উল্লেখ্য যে, সিএসই-ই প্রথম এসএমই প্ল্যাটফর্ম তৈরির সব কাজ সম্পন্ন করে।



মাইল ফলক

- ১২ ফেব্রুয়ারি ১৯৯৫ : বাংলাদেশ সরকারের অনুমোদন লাভ
- ১ এপ্রিল ১৯৯৫ : লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধন
- ১০ অক্টোবর ১৯৯৫ : ফ্লোর ট্রেডিংয়ের সূচনা
- ১ জানুয়ারি ১৯৯৬ : ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জস্ (প্রাক্তন এফআইবিভি)-এর করেসপন্ডিং সদস্য পদ লাভ
- ২ জুন ১৯৯৮ : স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতির সূচনা
- ১৬ জানুয়ারি ২০০০ : সাউথ এশিয়ান ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (সেফ) গঠন
- ২৬ জানুয়ারি ২০০৪ : সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) গঠন
- ৩০ মে ২০০৪ : ইন্টারনেট ট্রেডিং সার্ভিস (আইটিএস) চালুকরণ
- ৪ জুলাই ২০০৪ : ওভার-দ্য-কাউন্টার মার্কেট-এর সূচনা
- ১৪ জুলাই ২০০৪ : আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপনের মাধ্যমে সিএসইর সিকিউরিটিজ ইনস্টিটিউট প্রতিষ্ঠার ধারণা প্রকাশ
- ১৪ ডিসেম্বর ২০০৫ : বাংলাদেশে প্রথমবারের মতো পুঁজিবাজার মেলা অনুষ্ঠান
- ১০ মার্চ ২০০৭ : দেশে প্রথমবারের মতো পুঁজিবাজার প্রশিক্ষণ কর্মসূচি (কমপ্রিহেনসিভ ট্রেনিং প্রোগ্রাম)-র সূচনা
- ১২ জুন ২০০৭ : সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস্ বিষয়ক রেগুলেটরি ফ্রেমওয়ার্ক-এর খসড়া পেশ
- ১৮ অক্টোবর ২০০৮ : সিএসইর ওআইসি মেম্বার স্টেস্ স্টক এক্সচেঞ্জ ফোরামের সদস্য পদ লাভ
- ২২ ফেব্রুয়রি ২০১০ : বুক বিল্ডিং মেথড চালুকরণ, ওশেন কন্টেইনার্স লিঃ-এর আইপিও প্রাইস ডিসকভারির জন্য
- ২৮ নভেম্বর ২০১০ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) -এর জন্যে সিএসইর মিলেনিয়াম আইটি সফটওয়্যার লিঃ ও পোলারিস সফটওয়্যার ল্যাব লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর
- ১৩ জানুয়ারি ২০১১: বিধিমালার অধীনে শর্ট সেইলের লেনদেন সম্পাদন
- ২৬ সেপ্টেম্বর ২০১১ : বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো, অরিজিনেটর হিসেবে, সিএসইর ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার চালুকরণ
- ২০ অক্টোবর ২০১১ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) এবং নতুন ওয়েবসাইট চালুকরণ
- ২২ জুলাই ২০১২ : সিএসইর ডিজাসটার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালুকরণ
- ২৮ অক্টোবর ২০১৩ : সিএসই ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (ডব্লিউএফই)-এর করেসপন্ডেন্ট মেম্বার থেকে এফিলিয়েট মেম্বারে উন্নীত হয়।
- ৩ নভেম্বর ২০১৩ : সিএসইতে লেনদেন নিষ্পত্তির সময়সীমা টি+৩ থেকে টি+২ করা হয়।
- ২১ নভেম্বর ২০১৩ : ডিমিউচুয়ালাইজড এক্সচেঞ্জ হিসেবে সিএসইর আত্মপ্রকাশ।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৪ : ডিমিচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসেবে সিএসইর ১ম বোর্ড মিটিং অনুষ্ঠিত।
- ১২ অক্টোবর ২০১৪ : সিএসইর সিএসই শরিয়াহ্ ইনডেক্স ও সিএসই-৫০ বেঞ্চমার্ক ইনডেক্স চালুকরণ।
- ২২-২৩ অক্টোবর ২০১৪ : বাংলাদেশে প্রথমবারের মতো সিএসই ইন্টারনেট ট্রেড ফেয়ার অনুষ্ঠিত।
- ৩১ জানুয়ারি ২০১৭ : সিএসইর, জাতিসংঘের সাস্টেইনেবল স্টক এক্সচেঞ্জেস ইনিশিয়েটিভ-এর পার্টনার এক্সচেঞ্জ হয়ে ওঠা।

কমপ্লেইন সেল:

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চট্টগ্রাম, ঢাকা ও সিলেট অফিসে কমপ্লেইন সেল খোলা হয়েছে। এই অভিযোগ কেন্দ্রের মাধ্যমে বিনিয়োগকারীগণ এখন থেকে ইস্যুয়ার বা তালিকাভুক্ত কোম্পানীর বিরুদ্ধে কোনেঅভিযোগ থাকলে তা সরাসরি জানাতে পারবেন। কমপ্লেইন সেল-এর সাথে সাথে সিএসইর ইনভেস্টরস্ ইনফরমেশন সেল (আইআইসি)- ও সক্রিয়রয়েছে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন:

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd; www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়,
জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সূচি পত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক	০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ	০৬
শেয়ারবাজার পর্যালোচন - নৈর্ব্যক্তিক দিকসমূহ ড. মোহাম্মদ সালেহ জহুর	০৭
অর্থনৈতিক মন্দা, চক্র এবং বিনিয়োগ কৌশল ড. ইমন কল্যাণ চৌধুরী	১১
এক্সচেঞ্জ সংবাদ	১৭
অর্থনৈতিক সংবাদ	২৪
কর্পোরেট সংবাদ	২৫
বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি	২৭

সিএসই বাজার পরিসংখ্যান

সিএসই বিলবোর্ড ও সেক্টোরাল ইনডেক্স : মার্চ ২০২১	৪৪
সিএসই বাজার গতিপ্রকৃতি : মার্চ ২০২১	৪৫
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : মার্চ ২০২১	৪৬
রাইটস শেয়ার ও খাতভিত্তিক পরিসংখ্যান : মার্চ ২০২১	৪৭
লেনদেনে শীর্ষ খাত : মার্চ ২০২১ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : মার্চ ২০২১	৪৮
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : মার্চ ২০২১	৪৯
শীর্ষ ২০ সক্রিয় ট্রেক হোল্ডারস্ : মার্চ ২০২১	৫০
নতুন তালিকাভুক্তি : মার্চ ২০২১	৫১
দর বৃদ্ধিতে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি ও দর হ্রাসে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : মার্চ ২০২১	৫২
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : মার্চ ২০২১	৫৩
গতিপ্রকৃতি ও সর্বনিম্ন পিই অনুপাত, সর্বোচ্চ শেয়ার প্রতি আয়, সর্বোচ্চ ডিভিডেন্ড ঈন্ডক্যাটাগরিভিত্তিক লেনদেন মূল্য/শেয়ার সংখ্যা : মার্চ ২০২১	৫৪
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন	৫৬
তালিকাভুক্ত সিকিউরিটিজের অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব	৬০
তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য : মার্চ ২০২১	৬৯
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিসংখ্যান	৭৮
সিএসএ ওভার দ্য কাউন্টারভুক্ত সিকিউরিটিসমূহ	৮৭

Economic Outlook

01 April 2021

1.		25 March 2020	30 June, 2020[R]	28 February 2021	31 March 2021			
	Foreign Exchange Reserve (In million US$)	32570.16	36037.03	44048.68	43435.28			
2.		25 March 2020	30 June, 2020	28 February 2021	31 March 2021			
	Interbank Taka-USD Exchange Rate (Average)	84.9500	84.8500	84.8007	84.8019			
3.	**Call Money Rate**	31 March 2020	30 June, 2020	28 February 2021	31 March 2021			
	Weighted Average Rate	5.00	5.02	1.66	1.83			
4.	**Broad/Overall Share Price Index**	25 March 2020	30 June, 2020	31 March 2021	Percentage change			
					From June, 2020	From June, 2019		
	a) Dhaka Stock Exchange (DSE)[@]	4008.29	3989.09	5278.16	32.31	-26.07		
	b) Chittagong Stock Exchange (CSE)	11328.00	11332.59	15264.62	34.70	-31.90		
5.		February, 2020	July-Feb' FY20	February, 2021[P]	July-Feb' FY21[P]	FY 19-20		
	a) **Wage Earners' Remittances** (In million US$)	1452.20	12498.56	1780.59	16687.25	18205.01		
	b) Annual Percentage Change	10.20	20.06	22.61	33.51	10.87		
6.		February, 2020	July-Feb' FY20	February, 2021[P]	July-Feb' FY21[P]	FY 19-20		
	a) **Import (C&F)** (In million US$)	4723.70	39307.70	5564.20	40068.70	54785.00		
	b) Annual Percentage Change	0.42	-3.88	17.79	1.94	-8.56		
		February, 2020	July-Feb' FY20	February, 2021[P]	July-Feb' FY21[P]	FY 19-20		
	a) **Import(f.o.b)** (In million US$)	4370.00	36372.00	5148.00	37067.00	50691.00		
	b) Annual Percentage Change	0.39	-3.88	17.80	1.91	-8.56		
7.		February, 2020	July-Feb' FY20	February, 2021[P]	July-Feb' FY21[P]	FY 19-20[P]		
	a) **Export** (EPB) (In million US$)*	3322.36	26241.83	3192.08	25862.32	33674.09		
	b) Annual Percentage Change	-1.80	-4.79	-3.92	-1.45	-16.93		
8.		July-Feb' FY20		July-Feb' FY21[P]	FY 19-20			
	Current Account Balance (In million US$)	-2108.0		1557.0	-4849.0			
9.		February, 2020	July-Feb' FY20	February, 2021[P]	July-Feb' FY21[P]	FY 2019-20		
	a) **Tax Revenue** (NBR) (Tk. in crore)	19009.64	145587.64	20938.21	153104.10	218406.05		
	b) Annual Percentage Change	13.68	9.06	10.15	5.16	-2.45		
10.	**Investment in National Savings Certificates** (Tk. in crore)	February, 2020	July-Feb' FY20	February, 2021[P]	July-Feb' FY21[P]	FY 2019-20		
	a) Net sale	1992.52	9665.88	3609.20	29311.38	14428.35		
	b) Total Outstanding	297371.88	297371.88	331445.73	331445.73	302134.35		
11.		February, 2020	June, 2020	February, 2021[P]	Percentage change			
					Feb.'21 over Feb.'20	FY2019-20	FY2018-19	
	a) **Reserve Money** (RM) (Tk. in crore)	250988.60	284483.40	300493.40	19.72	15.56	5.32	
	b) **Broad Money** (M2) (Tk. in crore)	1306496.70	1373735.00	1480933.10	13.35	12.64	9.88	
12.	**Total Domestic Credit** (Tk. in crore)	1251174.60	1307633.70	1364504.20	9.06	14.02	12.26	
	a) Net Credit to the Govt. Sector	162241.60	181150.70	179511.50	10.64	59.92	19.37	
	b) Credit to the Other Public Sector	30033.60	29215.10	31482.10	4.82	25.09	21.64	
	c) Credit to the Private Sector	1058899.40	1097267.90	1153510.60	8.93	8.61	11.32	

13.		July-January, FY20		July-January, FY21[P]		Percentage change				
						July-January, FY21				FY 2019-20
	L/C Opening and Settlement (million US$)	Opening	Settlement	Opening	Settlement	Opening		Settlement		Settlement
	a) Consumer Goods	3755.64	3201.47	4261.42	3461.53	13.47		8.12		3.77
	b) Capital Machinery	3418.95	3075.67	2594.85	1952.54	-24.10		-36.52		-8.51
	c) Intermediate Goods	3034.77	2963.51	3081.39	2547.37	1.54		-14.04		-17.59
	d) Petroleum	2838.36	2305.39	2142.53	2132.40	-24.52		-7.50		-7.67
	e) Industrial Raw Materials	12124.25	11199.84	12739.18	10887.83	5.07		-2.79		-9.42
	f) Others	9463.66	9863.75	10217.04	8841.45	7.96		-10.36		-14.04
	Total	**34635.62**	**32609.62**	**35036.41**	**29823.13**	**1.16**		**-8.54**		**-10.21**
14.	**Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)**	December, 2018	June, 2019	September, 2019	December, 2019	March, 2020	June, 2020	December, 2020	January, 2021	February, 2021
	a) Twelve Month Average Basis	5.55	5.48	5.49	5.59	5.60	5.65	5.69	5.64	5.63
	b) Point to Point Basis	5.35	5.52	5.54	5.75	5.48	6.02	5.29	5.02	5.32
	Corresponding Period	December, 2017	June, 2018	September, 2018	December, 2018	March, 2019	June, 2019	December, 2019	January, 2020	February, 2020
	a) Twelve Month Average Basis	5.70	5.78	5.68	5.55	5.48	5.48	5.59	5.60	5.60
	b) Point to Point Basis	5.83	5.54	5.43	5.35	5.55	5.52	5.75	5.57	5.46
15.	**Classified Loan**	June, 2017	December, 2017	June, 2018	December, 2018	June, 2019	December, 2019	June, 2020	September, 2020	December, 2020
	a) Percentage Share of Classified Loan to Total Outstanding	10.13	9.31	10.41	10.30	11.69	9.32	9.16	8.88	7.66
	b) Percentage Share of Net Classified Loan	2.62	2.20	2.66	2.18	2.53	1.02	0.15	-0.22	-1.18
16.	**Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)**	January'20	February'20	July-Feb'19-20	January,'21	February,'21[P]	July-Feb'20-21[P]	FY 2019-20[P]	FY 2018-19	FY 2017-18
	a) Disbursement **	2303.47	1987.90	15092.17	2070.74	2032.10	16180.82	22749.03	23616.25	21393.55
	b) Recovery	2028.29	1979.88	15508.30	1965.17	1436.12	17492.36	21245.24	23734.32	21503.12
	c) Outstanding	43318.65	43315.86	43315.86	44321.71	45053.28	45053.28	45592.86	42974.29	40601.11
17.	**SME Loan (Tk. in crore)**	Apr-Jun.'18-19	July-Sep.'19-20	Oct-Dec.'19-20	Jan-Mar.'19-20	Apr-Jun.'19-20	July-Sep.'20-21	Oct-Dec.'20-21[P]	2020	2019
	a) Disbursement	43154.88	39289.52	48649.61	37762.10	28063.70	38689.44	48980.98	153496.15	167970.67
	c) Outstanding	208150.75	205490.94	219293.97	218972.00	221695.00	223257.69	237653.44	237653.44	219293.97
18	**Industrial Term Loan (Tk. in crore)**	Apr.-Jun.'18-19	July-Sep.'19-20	Oct-Dec.'19-20	Jan-Mar.'19-20	Apr-Jun.'19-20	Jul-Sep.'20-21	Oct-Dec.'20-21[P]	FY 2019-20[P]	FY 2018-19
	a) Disbursement	22233.63	21970.01	24207.24	15947.74	12132.03	15456.28	16499.23	74257.02	80850.08
	b) Recovery	23628.71	20785.68	22148.24	16602.21	10187.76	11322.37	15538.37	69723.89	76568.81
	c) Outstanding	243825.17	247338.00	259314.87	266715.34	277351.09	274284.17	275311.09	277351.09	243825.17
19.		2011-12	2012-13	2013-14	2014 -15	2015 -16	2016 -17	2017-18	2018-19[R]	2019-20[P]
	GDP Growth Rate (in percent, **Base: 2005-06=100**)	6.52	6.01	6.06	6.55	7.11	7.28	7.86	8.15	5.24

Note: ** = About 61.54% of the target for Agricultural Credit disbursement has been achieved in the first eight months of current fiscal year.. P=Provisional. R=Revised
@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.
*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodoties) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	33,745.40	-55.20	-0.16%	+2.95%	+44.27%	4/12/2021
SPX:IND S&P 500 INDEX	4,127.99	-0.81	-0.02%	+4.68%	+49.48%	4/12/2021
CCMP:IND NASDAQ COMPOSITE	13,850.00	-50.19	-0.36%	+3.98%	+69.86%	4/12/2021
NYA:IND NYSE COMPOSITE INDEX	15,977.46	+21.09	+0.13%	+1.67%	+45.92%	4/12/2021
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	19,201.28	-26.75	-0.14%	+1.86%	+36.41%	4/12/2021
Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,961.90	-16.94	-0.43%	+3.35%	+36.96%	4/12/2021
UKX:IND FTSE 100 INDEX	6,889.12	-26.63	-0.39%	+1.89%	+17.91%	4/12/2021
DAX:IND DAX INDEX	15,215.00	-19.16	-0.13%	+4.91%	+44.02%	4/12/2021
CAC:IND CAC 40 INDEX	6,161.68	-7.73	-0.13%	+1.90%	+36.72%	4/12/2021
IBEX:IND IBEX 35 INDEX	8,532.60	-33.20	-0.39%	-1.29%	+20.68%	4/12/2021

Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	29,751.61	+212.88	+0.72%	+0.11%	+56.23%	4/12/2021
TPX:IND TOPIX INDEX (TOKYO)	1,958.55	+3.96	+0.20%	+0.38%	+39.31%	4/12/2021
HSI:IND HANG SENG INDEX	28,597.27	+143.99	+0.51%	-0.50%	+17.68%	4/12/2021
SHSZ300:IND CSI 300 INDEX	4,932.78	-14.97	-0.30%	-4.15%	+32.50%	4/12/2021
AS51:IND S&P/ASX 200 INDEX	6,976.90	+2.94	+0.04%	+3.10%	+29.51%	4/12/2021
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	205.38	-1.09	-0.53%	-1.16%	+45.10%	4/12/2021

Source: Bloomberg

কমোডিটি এক্সচেঞ্জ

Energy						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
CL1:COM WTI Crude Oil (Nymex)	USD/bbl.	60.01	+0.31	+0.52%	May 2021	4/12/2021
CO1:COM Brent Crude (ICE)	USD/bbl.	63.63	+0.35	+0.55%	Jun 2021	4/12/2021
XB1:COM RBOB Gasoline (Nymex)	USd/gal.	197.62	+0.62	+0.31%	May 2021	4/12/2021
NG1:COM Natural Gas (Nymex)	USD/MMBtu	2.55	-0.01	-0.35%	May 2021	4/12/2021
HO1:COM Heating Oil (Nymex)	USd/gal.	181.56	+0.76	+0.42%	May 2021	4/12/2021
Precious & Industrial Matters						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
GC1:COM Gold (Comex)	USD/t oz.	1,725.20	-7.50	-0.43%	Jun 2021	4/12/2021
XAUUSD:CUR Gold Spot	USD/t oz.	1,726.30	-6.46	-0.37%	N/A	4/12/2021
SI1:COM Silver (Comex)	USD/t oz.	24.86	-0.01	-0.05%	May 2021	4/12/2021
HG1:COM Copper (Comex)	USd/lb.	401.50	-0.35	-0.09%	May 2021	4/12/2021
XPTUSD:CUR Platinum Spot	USD/t oz.	1,170.48	-3.67	-0.31%	N/A	4/12/2021
Agriculture						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
C 1:COM Corn (CBOT)	USd/bu.	568.00	-1.00	-0.18%	Jul 2021	4/12/2021
W 1:COM Wheat (CBOT)	USd/bu.	634.25	+3.00	+0.48%	Jul 2021	4/12/2021
CC1:COM Cocoa (ICE)	USD/MT	2,401.00	+14.00	+0.59%	Jul 2021	4/12/2021
CT1:COM Cotton #2 (ICE)	USd/lb.	80.44	0.00	0.00%	Dec 2021	4/12/2021
LC1:COM Live Cattle (CME)	USd/lb.	122.10	-0.47	-0.39%	Jun 2021	4/12/2021

Source: Bloomberg

ধনাত্মক এবং সূচালতা ৩ এর চেয়ে বেশী। এতে বুঝা যায় মার্চ ২০২১ সময়ে বাজার তারল্য স্বাভাবিক ছিলনা। অর্থাৎ আলোচ্য সময়ে বাজার তারল্যের প্যারামিটার তথা মোট ট্রেড চুক্তি, ট্রেড ভলিউম এবং ট্রেডমূল্য ২১ কার্যদিবসে অনাকাঙ্ক্ষিত হারে পরিবর্তিত হয়েছে।

বাজার তারল্যের নির্দেশক-মোট ট্রেড চুক্তি পর্যালোচনা করলে দেখা যায়, কাঙ্ক্ষিত ট্রেড চুক্তি হলো ১৩,০১৯ যা আলোচ্য মাসে ৪৩৭২ সংখ্যা হারে পরিবর্তিত হয়ে সর্বাধিক ২৫,১৪২ এবং সর্বনিম্ন ৭৪৮৩ সংখ্যায় দাঁড়ায়। তাছাড়া, এই নির্দেশক আলোচ্য মাসে ৮ কার্যদিবসে উর্ধ্বমূখী এবং ১৩ কার্যদিবসে নিম্নমূখী প্রবণতা লক্ষ্য করা যায়। অন্যদিকে মোট ট্রেড এর কাঙ্ক্ষিত সংখ্যা হলো ১৩.৪২ মিলিয়ন যা ৯.০৫ মিলিয়ন হারে আলোচ্য মাসে হ্রাস-বৃদ্ধি ঘটে, এবং মোট ট্রেড মূল্যের টার্গেট হলো ৪৪৯.৭৫ মিলিয়ন টাকা যা আলোচ্য মাসে ৩৩৬.২১ মিলিয়ন টাকা হারে আলোচ্য মাসে হ্রাস-বৃদ্ধি ঘটে। মার্চ ২০২১ সময়ে ২১ কার্যদিবসের মধ্যে অধিকাংশ কার্যদিবসে মোট ট্রেড সিকিউরিটি সংখ্যা এবং ট্রেড মূল্য নিম্নমূখি প্রবণতা লক্ষ্য করা যায়।

বাজার তারল্যের সকল নির্দেশকগুলোর বিচ্যুতি ভেদাঙ্ক পর্যালোচনায় দেখা যায়, মোট ট্রেড ভলিউমের বিচ্যুতি ভেদাঙ্ক সবচেয়ে বেশী। অর্থাৎ এক্ষেত্রে বাজার তারল্য ঝুঁকি সর্বোচ্চ যা সর্বাধিক মাসিক পরিবর্তন দ্বারা স্পষ্টভাবে প্রতিয়মান হচ্ছে। বাজার তারল্যের অনাকাঙ্ক্ষিত আচরণ অর্থনীতির দূর্বল কর্মক্ষমতাকে দায়ী করা যায়।

বাজারধারা পরিক্রমা

মার্চ ২০২১ সময়ে শেয়ারবাজারে অবিমিশ্র ধারা লক্ষ্যণীয়। আলোচ্য সময়ে অধিকাংশ কার্যদিবসে শেয়ারবাজার ধারা ঋণাত্মক ছিল। সিএসই এর শেয়ারবাজার ধারা পরিক্রমার প্যারামিটারগুলোর পরিসংখ্যান টেবিল-২ তে প্রদর্শিত হলো।


Table-2: CSE Market Trend Parikrama

Measures of CSE Market	CSE 30 Index	CSCX Index	CASPI Index	CSE50 Index	CSI Index
Range	945.52	603.56	1,003.94	90.39	48.96
Minimum	11,614.50	9,208.53	15,264.62	1,159.93	982.59
Maximum	12,560.02	9,812.09	16,268.56	1,250.32	1,031.55
Mean	12,164.27	9,548.91	15,830.48	1,210.94	1,006.77
Std. Deviation	288.48	187.56	311.91	27.37	14.66
Coefficient of Variation (%)	2.37	1.96	1.97	2.26	1.46
Monthly Market Return (%)	**- 4.46**	**-2.15**	**-2.17**	**-2.39**	**- 0.13**
Nature of Change in Market Trend					
Skewness	-0.39	-0.19	-0.19	-0.19	0.14
Kurtosis	-1.03	-1.26	-1.26	-1.18	-1.17

টেবিল-২ এ প্রদর্শিত বাজার ধারা পরিক্রমার প্যারামিটার গুলোর পরিবর্তনের স্বরূপ ঃ বঙ্কিমতা এবং সূচলতা -১.২৬ হতে ০.১৪ এর মধ্যে বিদ্যমান যা বাজার ধারার স্বাভাবিক পরিবর্তন চক্রে আবর্তিত। অন্যদিকে ঋণাত্মক বাজার আয়ের হার নিম্নমূখী বাজারধারাকে নির্দেশ করছে।

মার্চ ২০২১ সময়ে মৌলভিত্তিসম্পন্ন বাজার পোর্টফলিও সিএসই-৩০ কাঙ্ক্ষিত পয়েন্টস হলো ১২,১৬৪ যা ২৮৯ পয়েন্টস হারে হ্রাস-বৃদ্ধি হয়ে সর্বাধিক ১২,৫৬০ এবং সর্বনিম্ন ১১,৬১৫ পয়েন্টস এ স্থিতি হয়। সিএসই-৩০ সূচক আলোচ্য সময়ে ৯ কার্যদিবসে পয়েন্টস অর্জন করে এবং ১২ কার্যদিবসে পয়েন্টস হারায়। অন্যদিকে সিএসই এর সাধারণ সূচক সিএসসিএক্স ইন্ডেক্স ও সিএসই-৩০ এর ন্যায় পয়েন্টস সমদিবসে অর্জন ও হ্রাস ঘটে। কিন্তু সার্বিক সূচকঃ সিএএসপিআই এর কাঙ্ক্ষিত পয়েন্টস হলো ১৫,৮৩০ যা ২১ কার্যদিবসে ৩১২ পয়েন্টস হারে হ্রাসবৃদ্ধি ঘটতে লক্ষ্য করা যায়। সকল সূচকগুলোর পরিবর্তনঃ আদর্শমান বিচ্যুত এবং ভেদাঙ্ক বিচ্যুতি পর্যালোচনায় সিএসই এর শেয়ারবাজার ধারা স্বাভাবিক বাজার চক্রে আবর্তিত হচ্ছে বলে প্রতিয়মান হয়।

Figure 1: CSE Market Trend Parikrama



চিত্র-১ পর্যালোচনায় লক্ষ্য করা যায়, সিএসই-৩০, সিএসসিএক্স, সিএএসপিআই, সিএসই-৫০ এবং সিএসআই এর রেখা সমূহ আলোচ্য সময়ের ২১ কার্যদিবসে ধীরে ধীরে উর্ধ্ব-নিম্ন ধারায় চূড়ান্তভাবে নিম্নমুখী প্রবণতা প্রতিষ্ঠা করেছে। অর্থাৎ আলোচ্য সময়ে সিএসই শেয়ারবাজার নিম্নমুখী প্রবণতা বা ধারা লক্ষ্য করা যায়।

বাজার ব্রেথসূচক পরিক্রমা

বাজার ব্রেথসূচক বাজারের গতি-বিধি নির্দেশ করে। বাজার বিনিয়োগকারী গবেষক এবং ব্যবস্থাপক বাজার বিনিয়োগকারী গবেষক এবং ব্যবস্থাপক বাজার ব্রেথসূচক পর্যালোচনা করে বাজার ভবিষ্যতে কোন দিকে ধাবিত হবে, শেয়ারের চাহিদা যোগান এর ধরণ এবং বিনিয়োগকারীদের

ধনাত্মক এবং সূচালতা ৩ এর চেয়ে বেশী। এতে বুঝা যায় মার্চ ২০২১ সময়ে বাজার তারল্য স্বাভাবিক ছিলনা। অর্থাৎ আলোচ্য সময়ে বাজার তারল্যের প্যারামিটার তথা মোট ট্রেড চুক্তি, ট্রেড ভলিউম এবং ট্রেডমূল্য ২১ কার্যদিবসে অনাকাঙ্ক্ষিত হারে পরিবর্তিত হয়েছে।

বাজার তারল্যের নির্দেশক-মোট ট্রেড চুক্তি পর্যালোচনা করলে দেখা যায়, কাঙ্ক্ষিত ট্রেড চুক্তি হলো ১৩,০১৯ যা আলোচ্য মাসে ৪৩৭২ সংখ্যা হারে পরিবর্তিত হয়ে সর্বাধিক ২৫,১৪২ এবং সর্বনিম্ন ৭৪৮৩ সংখ্যায় দাঁড়ায়। তাছাড়া, এই নির্দেশক আলোচ্য মাসে ৮ কার্যদিবসে উর্ধ্বমূখী এবং ১৩ কার্যদিবসে নিম্নমূখী প্রবণতা লক্ষা করা যায়। অন্যদিকে মোট ট্রেড এর কাঙ্ক্ষিত সংখ্যা হলো ১৩.৪২ মিলিয়ন যা ৯.০৫ মিলিয়ন হারে আলোচ্য মাসে হ্রাস-বৃদ্ধি ঘটে, এবং মোট ট্রেড মূল্যের টার্গেট হলো ৪৪৯.৭৫ মিলিয়ন টাকা যা আলোচ্য মাসে ৩৩৬.২১ মিলিয়ন টাকা হারে আলোচ্য মাসে হ্রাস-বৃদ্ধি ঘটে। মার্চ ২০২১ সময়ে ২১ কার্যদিবসের মধ্যে অধিকাংশ কার্যদিবসে মোট ট্রেড সিকিউরিটি সংখ্যা এবং ট্রেড মূল্য নিম্নমূখি প্রবণতা লক্ষ্য করা যায়।

বাজার তারল্যের সকল নির্দেশকগুলোর বিচ্যুতি ভেদাঙ্ক পর্যালোচনায় দেখা যায়, মোট ট্রেড ভলিউমের বিচ্যুতি ভেদাঙ্ক সবচেয়ে বেশী। অর্থাৎ এক্ষেত্রে বাজার তারল্য ঝুঁকি সর্বোচ্চ যা সর্বাধিক মাসিক পরিবর্তন দ্বারা স্পষ্টভাবে প্রতিয়মান হচ্ছে। বাজার তারল্যের অনাকাঙ্ক্ষিত আচরণ অর্থনীতির দূর্বল কর্মক্ষমতাকে দায়ী করা যায়।

বাজারধারা পরিক্রমা

মার্চ ২০২১ সময়ে শেয়ারবাজারে অবিমিশ্র ধারা লক্ষ্যণীয়। আলোচ্য সময়ে অধিকাংশ কার্যদিবসে শেয়ারবাজার ধারা ঋণাত্মক ছিল। সিএসই এর শেয়ারবাজার ধারা পরিক্রমার প্যারামিটারগুলোর পরিসংখ্যান টেবিল-২ তে প্রদর্শিত হলো।


Table-2: CSE Market Trend Parikrama

Measures of CSE Market	CSE 30 Index	CSCX Index	CASPI Index	CSE50 Index	CSI Index
Range	945.52	603.56	1,003.94	90.39	48.96
Minimum	11,614.50	9,208.53	15,264.62	1,159.93	982.59
Maximum	12,560.02	9,812.09	16,268.56	1,250.32	1,031.55
Mean	12,164.27	9,548.91	15,830.48	1,210.94	1,006.77
Std. Deviation	288.48	187.56	311.91	27.37	14.66
Coefficient of Variation (%)	2.37	1.96	1.97	2.26	1.46
Monthly Market Return (%)	**-4.46**	**-2.15**	**-2.17**	**-2.39**	**-0.13**
Nature of Change in Market Trend					
Skewness	-0.39	-0.19	-0.19	-0.19	0.14
Kurtosis	-1.03	-1.26	-1.26	-1.18	-1.17

টেবিল-২ এ প্রদর্শিত বাজার ধারা পরিক্রমার প্যারামিটার গুলোর পরিবর্তনের স্বরূপ ঃ বঙ্কিমতা এবং সূচলতা -১.২৬ হতে ০.১৪ এর মধ্যে বিদ্যমান যা বাজার ধারার স্বাভাবিক পরিবর্তন চক্রে আবর্তিত। অন্যদিকে ঋণাত্মক বাজার আয়ের হার নিম্নমূখী বাজারধারাকে নির্দেশ করছে।

মার্চ ২০২১ সময়ে মৌলভিত্তিসম্পন্ন বাজার পোর্টফলিও সিএসই-৩০ কাঙ্ক্ষিত পয়েন্টস হলো ১২,১৬৪ যা ২৮৯ পয়েন্টস হারে হ্রাস-বৃদ্ধি হয়ে সর্বাধিক ১২,৫৬০ এবং সর্বনিম্ন ১১,৬১৫ পয়েন্টস এ স্থিতি হয়। সিএসই-৩০ সূচক আলোচ্য সময়ে ৯ কার্যদিবসে পয়েন্টস অর্জন করে এবং ১২ কার্যদিবসে পয়েন্টস হারায়। অন্যদিকে সিএসই এর সাধারণ সূচক সিএসসিএক্স ইন্ডেক্স ও সিএসই-৩০ এর ন্যায় পয়েন্টস সমদিবসে অর্জন ও হ্রাস ঘটে। কিন্তু সার্বিক সূচকঃ সিএএসপিআই এর কাঙ্ক্ষিত পয়েন্টস হলো ১৫,৮৩০ যা ২১ কার্যদিবসে ৩১২ পয়েন্টস হারে হ্রাসবৃদ্ধি ঘটতে লক্ষ্য করা যায়। সকল সূচকগুলোর পরিবর্তনঃ আদর্শমান বিচ্যুত এবং ভেদাঙ্ক বিচ্যুতি পর্যালোচনায় সিএসই এর শেয়ারবাজার ধারা স্বাভাবিক বাজার চক্রে আবর্তিত হচ্ছে বলে প্রতিয়মান হয়।

Figure 1: CSE Market Trend Parikrama



চিত্র-১ পর্যালোচনায় লক্ষ্য করা যায়, সিএসই-৩০, সিএসসিএক্স, সিএএসপিআই, সিএসই-৫০ এবং সিএসআই এর রেখা সমূহ আলোচ্য সময়ের ২১ কার্যদিবসে ধীরে ধীরে উর্ধ্ব-নিম্ন ধারায় চূড়ান্তভাবে নিম্নমুখী প্রবণতা প্রতিষ্ঠা করেছে। অর্থাৎ আলোচ্য সময়ে সিএসই শেয়ারবাজার নিম্নমুখী প্রবণতা বা ধারা লক্ষ্য করা যায়।

বাজার ব্রেথসূচক পরিক্রমা

বাজার ব্রেথসূচক বাজারের গতি-বিধি নির্দেশ করে। বাজার বিনিয়োগকারী গবেষক এবং ব্যবস্থাপক বাজার বিনিয়োগকারী গবেষক এবং ব্যবস্থাপক বাজার ব্রেথসূচক পর্যালোচনা করে বাজার ভবিষ্যতে কোন দিকে ধাবিত হবে, শেয়ারের চাহিদা যোগান এর ধরণ এবং বিনিয়োগকারীদের

কাঙ্ক্ষিত আচরণ সম্পর্কে সম্যক ধারণা নিতে পারে। বাজার ব্রেথ পরিক্রমার নির্দেশকের পরিমাপক ও পরিসংখ্যান টেবিল-৩ এ প্রদর্শিত হলো।


Table 3: CSE Market Breadth Index Parikrama

Trading Weeks	Total Securities Listed	No of Securities Traded	Change in Price of Securities			Breadth	Breadth Index	Percentage of Securities Traded
			Increase	Decrease	No Change			
1st Week	338	304	168	62	74	106	106	89.94
2nd Week	338	299	102	126	71	-24	82	88.46
3rd Week	338	295	57	161	77	-104	-22	87.28
4th Week	338	301	54	169	78	-115	-137	89.05
5th Week	338	294	66	148	80	-82	-219	86.98
Average	338	298.6	89.4	133.2	76	-43.8	-38	88.34

টেবিল ৩ এ প্রদর্শিত পরিসংখ্যান পর্যালোচনা করলে লক্ষ্য করা যায়ঃ প্রথম কর্মসপ্তাহে ব্রেথ ধনাত্মক এবং পরবর্তী চার কর্মসপ্তাহে বাজার ব্রেথ ঋণাত্মক ছিল। অর্থাৎ প্রথম কর্মসপ্তাহে অধিকাংশ ট্রেডেট সিকিউরিটির দর উর্ধ্বমূখী থাকলেও পরবর্তী চার কর্মসপ্তাহে অর্ধিকাংশ সিকিউরিটির দর নিম্নমূখী ছিল। এরকম বিপরীত ধারা শেয়ারবাজারের দর সংশোধন বিক্রয়ের চাপ, অর্থনৈতিক মন্দা প্রভৃতিকে দায়ী করা।

মার্চ ২০২১ সময়ে পাঁচ কর্মসপ্তাহে বাজার ব্রেথ ক্রমান্বয়ে ঋণাত্মক হওয়ায় বাজার ব্রেথ সূচক নিম্নমূখী বা ঋণাত্মক ধারা প্রতিষ্ঠা করেছে যা চিত্র ২ এ পরিলক্ষিত হচ্ছে।

Figure -2: CSE Market Breadth and Breadth Trend Parikrama



বাজার অর্থনীতি পরিক্রমা

বাজার অর্থনীতি সারাবিশ্ব জুড়ে, করোনাকালীন সময়ে বিপদগ্রস্থ এবং সমস্যাপূর্ণ। করোনা দূযোর্গের প্রথম প্রবাহ ও দ্বিতীয় প্রবাহ এবং ভ্যাকসিন আবিস্কার বিষয় নিয়ে সারাবিশ্ব জুড়ে আলোচনা চলছে। এক্ষেত্রে মানবতার কল্যাণে বাজার অর্থনীতি বিভিন্ন দিক পূনরুদ্ধার ও পূণঃনির্মাণ নিয়ে বিশ্বে তেমন আলোচনা গুরুত্ব পাচ্ছে না। বাংলাদেশের বাজার অর্থনীতি বিশ্ব বাণিজ্যের সাথে সম্পৃক্ত হওয়ায় করোনা দূর্যোগে তাৎপর্যপূর্ণভাবে প্রভাবিত হচ্ছে। ফলে দেশের ট্রেড, বিনিয়োগ, কর্মসংস্থান, রাজস্ব সংগ্রহ, উৎপাদন সঞ্চয় প্রভৃতি ঋণাত্মকভাবে প্রভাবিত হচ্ছে। দেশের কোন পরিকল্পনা ও কৌশল পত্র ফলদায়ক হচ্ছেনা। অন্যদিকে বাংলাদেশ সরকার ও বাংলাদেশ ব্যাংকের সময়মত ব্যবস্থা নেয়ায় আর্থিক বাজারে তারল্য সমস্যা দেখা না দিলেও ব্যাংক ব্যবস্থায় নন-পারফরমিং ঋণের বোঝা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে সমূহ সংকটে ফেলে দিতে পারে। এর ফলে দেশের বিনিয়োগ, উৎপাদন ও আয়ে ভবিষ্যতে অপ্রত্যাশিত চিত্র সামনে আসতে পারে।

দেশের অর্থনীতিতে মন্দাভাব এবং মূদ্রাবাজারে সম্ভাব্য সংকট দেশের পূঁজিবাজারকে প্রভাবিত করার সম্ভাবনা রয়েছে। সকল বিষয় বিবেচনা করতঃ সরকার এবং পেশাজীবি সংগঠনের সময়মত পরিকল্পনা কার্যক্রম ও কৌশল নেয়া জরুরী হয়ে পড়েছে। অন্যথায় সরকারের সকল উন্নয়ন কার্যক্রম সত্ত্বেও বাজার অর্থনীতি সংকটাপন্ন হবে যা কাম্য নয়। বাজার অর্থনীতি পরিক্রমার প্রাসঙ্গিক পরিসংখ্যান টেবিল-৪ এ প্রদর্শিত হলো।

Table 4:CSE Market Capital Trend Parikrama

Measures of CSE Market	Market Capital in Million	Trading Week	Market Capital (Tk. in Million)	Weekly Change (%)
Range	267,953.59	First Week	4001085.97	2.08
Minimum	3,861,421.41	Second Week	4099524.84	2.46
Maximum	4,129,375.00	Third Week	3997246.89	-2.49
Mean	4,003,606.59	Fourth Week	3908815.03	-2.21
Std. Deviation	78,767.25	Fifth Week	3861421.41	-1.21
Coefficient of Variation	1.97			
Monthly Change (%)	-1.48			
Nature of Change in Market Capital				
Skewness	0.06			
Kurtosis	-1.08			

শেয়ারবাজার মূলধন বাজার অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ বিষয়। শেয়ারবাজারে চাহিদা যোগান এবং বাজার ধারা শেয়ারবাজার মূলধনের মাধ্যমে প্রতিফলিত হয়। টেবিল-৪ পর্যালোচনায় দেখা যায়, বাজার মূলধন আলোচ্য মাসে অস্বাভাবিক পরিবর্তন না আসলে ও ৩য়, ৪র্থ, ও ৫ম কর্মসপ্তাহে বাজার মূলধন মূল্য হারিয়েছে। মার্চ ২০২১ সময়ে সিএসই শেয়ারবাজার ১.৪৮% বাজার মূলধন বাবদ মূল্য হারিয়েছে। আলোচ্য সময়ের ২১ কার্যদিবসে বাজার মূলধন ৯ কার্যদিবসে মূল্য যোগ করেছে এবং ১২ কার্যদিবসে মূল্য হারিয়েছে। বাজার মূলধনের এই নেতিবাচক প্রভাব এর সম্ভাব্য কারণ সমূহ হলোঃ করোনা দূর্যোগ ও এর প্রভাব, বাজার অর্থনীতির বিভিন্ন দিকের সক্ষমতার অক্ষমতা এবং অর্থনীতির বিভিন্ন সেক্টরের দূর্বল কার্যকারিতা।

বাজার সেক্টর পরিক্রমা


সিএসই শেয়ারবাজারের ১৮টি সেক্টর (কর্পোরেট বন্ড ব্যতিরেকে) শিল্প চক্রের বিভিন্ন পর্যায়ে অবস্থা করলেও প্রতিটি সেক্টরের অবদান ও প্রবৃদ্ধির সুযোগ ও সম্ভাবনা রয়েছে। বর্তমান সরকারের বাণিজ্য ও শিল্পনীতি এবং ফিসক্যাল পলিসি বিনিয়োগ কেন্দ্রীক হলেও কোন কারণে অর্থনীতির বিভিন্ন সেক্টরের বিনিয়োগ সম্ভাবনা বাস্তবে ফলপ্রসু হচ্ছেনা।এই বিষয় এখন এক গুরুত্বপূর্ণ গবেষণার বিষয়। যাহাই হউক বাজার সেক্টর পরিক্রমার বাজার আয়ের হার ও পরিসংখ্যান টেবিল ৫ এ প্রদর্শিত হলোঃ

Table-5: CSE Market Sectorial Performance

SN	CSE Sectors	Market Return (%)	Market Return (%)	No of Sectors	Percentage
1	LEASING N FINANCE	- 8.07	(10) - (05)	02	11.11
2	MUTUAL FUNDS	-7.01	(05) - (00)	15	83.33
3	SERVICES N PROPERTY	-4.85	00 - 05	01	5.56
4	PHARMA N CHEMICAL	-4.58		18	100.00
5	MISCELLANEOUS	-4.32			
6	ENG N ELECTRICAL	-3.84			
7	ENERGY	-3.58			
8	CEMENT	-3.56			
9	GENERAL INSURANCE	-3.34			
10	TEXTILE N CLOTHING	-2.82			
11	ICT	-2.65			
12	LEATHR N FOOTWEAR	-2.40			
13	CERAMIC	-2.38			
14	PAPERS N PRINTING	-2.29			
15	TELECOMMUNICATION	-1.68			
16	LIFE INSURANCE	-1.56			
17	FOODS N ALLIED	-1.44			
18	BANK	1.13			

টেবিল ৫ পর্যালোচনা করলে দেখা যায়, মার্চ ২০২১ সময়ে ব্যাংক সেক্টর ছাড়া অবশিষ্ট ১৭টি সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক। আরো পরিলক্ষিত হয় যে, ২টি সেক্টরের আয়ের হার ধনাত্মক ১০-৫ এর মধ্যে; ১৫টি সেক্টরের আয়ের হার ঋণাত্মক ৫-০ এর মধ্যে; এবং মাত্র ১টি সেক্টরের (ব্যাংক)এর আয়ের হার ১.১৩% বিভিন্ন সেক্টরের আয়ের হার চিত্র-৩ এ প্রদর্শিত হলোঃ

Figure -3: CSE Market Sectorial Return of Jaunary , 2021



উপসংহার

মার্চ ২০২১ সময়ে শেয়ারবাজার পর্যালোচনার ফলাফল ও ব্যাখ্যা করোনাকালীন দূর্যোগের বলয়ে অর্থনীতি কেন্দ্রিক। বাংলাদেশ ধীরে ধীরে করোনা দূর্যোগ ব্যবস্থাপনা রপ্ত করছে এবং পৃথিবীর অন্যান্য উন্নয়নশীলও উন্নত দেশের সাথে সঙ্গতি রেখে পরিকল্পনা ও কৌশল পত্র উন্নয়ন করছে। সরকার, সরকারের মেশিনারী এবং বিভিন্ন এপেক্স সংগঠনের সম্মিলিত প্রায়াস শেয়ারবাজার সহ অর্থনীতির বিভিন্ন সেক্টরে কাঙ্ক্ষিত কার্যক্রম ও ফলাফল নিয়ে আসবে আশা করছি।

ড. মোহাম্মদ সালেহ জহুর
প্রফেসর, ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স/ডিরেক্টর, ব্যুরো অফ বিজনেস রিসার্চ/ফ্যাকাল্টি অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/
ইউনিভার্সিটি অফ চিটাগং



অর্থনৈতিক মন্দা, চক্র এবং বিনিয়োগ কৌশল

ড. ইমন কল্যাণ চৌধুরী

ভূমিকা

বিনিয়োগের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা। ক্ষেত্র বিশেষে এই মুনাফা কম বা বেশি হতে পারে। ভুল বিনিয়োগ সিদ্ধান্তের ফলে যেমন লোকসান হতে পারে আবার সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নেয়ার পরেও বাহ্যিক কিছু উপাদানের কারণে বিনিয়োগ মুখ থুবরে পড়তে পারে। অন্যান্য বিনিয়োগ হতে শেয়ার বাজারে বিনিয়োগ অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ, কারণ এই খাতে বিবিধ উপাদানের প্রত্যক্ষ প্রভাব বিদ্যমান। অর্থনৈতিক মন্দা অনেকগুলো কারণের মধ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। বর্তমান সময়ে সমগ্র পৃথিবী এক কঠিন সময় পার করছে। সঙ্গত কারণে করোনার দ্বিতীয় ঢেউয়ের ঝাঁপটা বাংলাদেশেও পড়েছে। আজ পর্যন্ত বাংলাদেশে (৯ এপ্রিল, ২০২১) মোট ৯৫২১ জনের প্রাণহানি সহ ৬,৬৬,১৩২ জন আক্রান্ত হয়েছে (১)। সর্বসাধারণের সচেতনতার প্রচন্ড অভাব পরিলক্ষিত হওয়ায় আবারো দেয়া হলো সপ্তাহব্যাপী লক-ডাউন। লক-ডাউন ঘোষণার সাথে সাথে বাজারে নেতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়, যদিও পরবর্তীতে এটি স্বাভাবিক হতে শুরু করেছে। এই ধরনের পতন ঘুরে-ফিরে বারবার আসে, তাই অর্থনৈতিক মন্দা মোকাবেলায় কিভাবে প্রস্তুতি নেয়া যায়, এই মন্দাকে কাজে লাগিয়ে কিভাবে ভালো বিনিয়োগ নিশ্চিত করা যায় এবং অর্থনৈতিক চক্রের সাথে কিভাবে শেয়ারে বিনিয়োগ ক্ষেত্র পরিবর্তন করতে হয় তা সংক্ষেপে আলোচনা করা হল।

অর্থনৈতিক মন্দা

সাধারণত অর্থনৈতিক কার্যকলাপ দীর্ঘদিন উল্লেখযোগ্য হারে হ্রাস পেলে তা মন্দাতে পরিণত হয়। এই মন্দার কারণে দেশের জিডিপি কমে যায়, বেকারত্ব বেড়ে যায়, উৎপাদন এবং ক্রয়-বিক্রয় কমে যায়। মন্দা যখন দীর্ঘায়িত হয়, তখন তা মহামন্দায় রুপ নেয়। বিশেষজ্ঞরা মনে করেন, মন্দা একটি নির্দিষ্ট সময় অন্তর ঘুরে-ফিরে আসে।

মন্দা থেকে নিরাপদ থাকার উপায়

আমেরিকা যুক্তরাষ্ট্রের বিখ্যাত সাময়িকী ফোর্বস মন্দা থেকে নিজেকে নিরাপদ রাখার কিছু গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন (২)। সেগুলো হলোঃ

১) সময় থাকতে একটা তহবিল তৈরি করে রাখা যা বিপদে কাজে লাগানো যায়। এই সৃষ্ট তহবিল এমন খাতে বিনিয়োগ করে রাখতে হবে যাতে স্বল্প সময়ের মধ্য নগদায়ন করা যায়। প্রতি মাসের মোট আয়ের একটা নির্দিষ্ট অংশ (২০-২৫%) ডি.পি.এস এর মত বাধ্যতামূলক সঞ্চয় খাতে জমা করতে হবে। এতে করে সাময়িক কষ্ট হলেও একটা সময় পর বেশ ভালো একটা তহবিল গঠিত হয়ে যায়।

২) যদি খরচের আধিক্যর কারণে সঞ্চয় করা সম্ভব না হয়ে থাকে, তাহলে খরচের একটা তালিকা তৈরি করে তা থেকে কোন কোন খরচ গুলো কমানো যায় তার একটি রাস্তা বের করতে হবে। অপ্রয়োজনীয় খরচ যেমন বিলাস দ্রব্য কেনা, নতুন মডেলের মোবাইল কেনা, বড় ঘরে থাকা, নিয়মিত রেস্টুরেন্টের খাবার অর্ডার দেয়া ইত্যাদি পরিহার করতে হবে।

৩) আপনি যে ব্যবসা বা চাকরি করছেন তা যদি মন্দার সময় বন্ধ হয়ে যায় বা না থাকে তাহলে বিকল্প পেশার জন্য নিজেকে প্রস্তুত রাখতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে বিভিন্ন বিশ্ববিদ্যালয় বা কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি বা প্রশিক্ষণ নেয়া যেতে পারে। এতে করে স্বল্প সময়ের ব্যবধানে পেশা পরিবর্তন করে স্থিতিশীল হওয়া সহজ হবে।

মন্দার সময় আকর্ষণীয় বিনিয়োগ খাত

রেবেকা লেক এর মতে (৩) মন্দার সময় নিম্নোক্ত ক্ষেত্রে বিনিয়োগ করা যেতে পারেঃ

১) ভালো শেয়ারে বিনিয়োগ করা। অনেকে মনে করেন মন্দার সময় শেয়ার বিনিয়োগ থেকে বের হয়ে আসা উচিত, কিন্তু এতে লোকসান হতে পারে যা কিনা নতুন বিনিয়োগ দিয়ে উঠিয়ে আনা সম্ভবপর নাও হতে পারে। বিশেষজ্ঞরা বলেন, মন্দার সময়ে মানুষের হাতে টাকা কমে যায় তাই বিনিয়োগকারীরা তাদের শেয়ার বিক্রি করে নগদ অর্থের সংস্থান করে, ঠিক এই সুযোগটা বুদ্ধিমান বিনিয়োগকারীরা কাজে লাগান। তারা কম দামে ভালো লভ্যাংশ দেয় এমন শেয়ার কিনে বছর বছর কাঙ্ক্ষিত লভ্যাংশ উপভোগ করেন।

২) অর্থনৈতিক মন্দার শিকার হয়ে অনেকে তাদের ফ্ল্যাট-বাড়ি যথেষ্ট কম দামে বিক্রি করে দিতে বাধ্য হয়। যেহেতু ফ্ল্যাট-বাড়িতে বিনিয়োগ করতে অনেক টাকার প্রয়োজন হয়, সেক্ষেত্রে কয়েকজন মিলে একটা তহবিল গঠন করে তা বাস্তবায়ন করা যেতে পারে। স্বল্প সময়ের ব্যবধানে অর্থনৈতিক অবস্থা স্বাভাবিক হলে ভালো দামে তা বিক্রি করে দেয়া যায়।

৩) মন্দার সময় বেশিরভাগ মানুষের ক্রয় ক্ষমতা কমে যায় বিধায়, বিভিন্ন দামী ধাতু যেমন সোনা-রুপার স্থানীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বাজার দাম ব্যাপকহারে কমতে থাকে, ঠিক এই সময়, এসব ধাতুতে বিনিয়োগ করা বুদ্ধিমানের কাজ। সাধারণত খুব কম সময়ের ব্যবধানে ধাতুর দাম পূর্বাবস্থায় ফিরে আসে।

৪) এছাড়া অন্যান্য ক্ষেত্র যেমন বিভিন্ন দেশের মুদ্রা, নিত্য প্রয়োজনীয় ভোজ্য পণ্য সহ সুযোগ মত ক্ষেত্রে বিনিয়োগ করে লাভবান হওয়া যায়।



চিত্রঃ মন্দার সময় লাভজনক বিনিয়োগ ক্ষেত্র

ভালো কোম্পানি নির্বাচন কৌশল

যেহেতু মন্দার সময় বিনিয়োগকারীদের নগদ অর্থের দরকার হয় এবং সবার মধ্য শেয়ার বিক্রির হিড়িক পড়ে এতে করে শেয়ারের দামে ধস নামে। ঠিক এই সময় ভালো ভালো কোম্পানি দেখে তাদের শেয়ারে বিনিয়োগ করা উচিত। কোম্পানি নির্বাচনের সময় নিম্নোক্ত বিষয়াদি বিবেচনা করা যেতে পারে।

- কোম্পানি সম্পর্কিত বিশদ তথ্য সংগ্রহ করতে হবে। আপনি যে কোম্পানিতে বিনিয়োগ করতে যাচ্ছেন সেটা সম্বন্ধে সম্যক ধারণা নেয়া অত্যন্ত জরুরি। কোম্পানি অতীতে কেমন মুনাফা করেছিল, তাদের বর্তমান অবস্থা কি এবং ভবিষ্যতে কেমন করতে পারে, কি ধরনের পন্য উৎপাদন করে, বাজারে তাদের পণ্যর চাহিদা কেমন, প্রতিযোগিতার ধরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত খবরা খবর নেয়া উচিত।
- প্রতিযোগী সম্পর্কে ধারণা নিতে হবে। কোম্পানির শেয়ার ক্রয় করার পূর্বে ওই কোম্পানির প্রতিযোগী কারা তা ভালোমত খবরা খবর নেয়া উচিত। এই কোম্পানির এমন বিশেষ কি বৈশিষ্ট্য আছে যা অন্যান্য কোম্পানি থেকে এটাকে আলাদা করে রেখেছে এব্যাপারে পর্যাপ্ত তথ্য সংগ্রহ করতে হবে এবং এই বিশেষ বৈশিষ্ট্য আগামীতেও বজায় থাকবে কিনা নাকি সহজে অন্যরা নকল করতে পারবে সেটা সম্বন্ধেও সম্যক ধারণা নিতে হবে।
- আর্থিক অনুপাত বিচার বিশ্লেষণ করা উচিত। আপনি যদি দেশের দুটি স্টক মার্কেটের সবকটি কোম্পানির আর্থিক অবস্থা নির্ণয় করার চেষ্টা করেন তাহলে অনেক সময় লেগে যাবে। তার চাইতে বরং প্রয়োজন অনুযায়ী গুরুত্বপূর্ণ কিছু অনুপাত যেমন শেয়ার প্রতি আয়ের পরিমাণ, প্রাইস-আরনিং রেশিও, কারেন্ট রেশিও, রিটার্ন অন অ্যাসেট, ডিভিডেন্ট প্রদানের ইতিহাস ইত্যাদি বিচার-বিশ্লেষণ করে কিছু ভালো কোম্পানি বেছে নেয়া যেতে পারে।
- কোম্পানির আর্থিক প্রতিবেদন ভালোমতো পর্যালোচনা করতে হবে। যেহেতু ইতিমধ্য আপনি কোম্পানি এবং তার অতীত, বর্তমান এবং ভবিষ্যতের একটা ধারণা পেয়ে গেছেন এখন কোম্পানির বিভিন্ন আর্থিক বিবরণী যেমন আয়-ব্যয় হিসাব, স্থিতিপত্র, নগদ প্রবাহ বিবরণী ইত্যাদি ভালোমতো বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিচার বিশ্লেষণ করবেন। কোম্পানির আর্থিক বিবরণী ও অন্যান্য তথ্য স্টক এক্সচেঞ্জের লাইব্রেরী, স্ব-স্ব কোম্পানির ওয়েবসাইট সহ বিভিন্ন উৎসে পাওয়া যায়।
- কোম্পানির ভবিষ্যৎ সম্ভাবনা সম্বন্ধে জানতে হবে। যেসব কোম্পানি গুনগত মান বজায় রেখে তুলনামূলক কম দামে পন্য বিক্রি করে এবং প্রযুক্তিকে সাথে নিয়ে সবসময় নতুনত্বকে স্বাগত জানায় এবং বাজারের চাহিদা অনুযায়ী পণ্য বা সেবা প্রদান করে তারা দীর্ঘদিন বাজারে টিকে থাকে। এসমস্ত কম্পানিতে বিনিয়োগ করলে ঝুঁকির মাত্রা বহুলাংশে কমে আসে এবং ভবিষ্যতে বিনিয়োগের মূল্য যথেষ্ট বৃদ্ধি পায়। আবার যে সমস্ত কোম্পানির পন্য খুব দ্রুত সেকেলে হয়ে যায় যেমন প্রজুক্তিখাত, সেসব কোম্পানিতে দীর্ঘমেয়াদে বিনিয়োগ করাটা কিছুটা ঝুঁকিপূর্ণ বটে।
- কোম্পানির ঋণের পরিমাণ সম্বন্ধে জানতে হবে। যে কোম্পানিতে বিনিয়োগ করার চিন্তাভাবনা করছেন সে কোম্পানির ঋণের পরিমাণ কত তা উক্ত কোম্পানির স্থিতিপত্র থেকে জেনে নিতে হবে। যদি কোম্পানির ঋণ বেশি থাকে তাহলে তাদের বেশি সুদ প্রদান করতে হয় এতে করে মুনাফার পরিমাণ কমে যায় এবং শেয়ার প্রতি আয় এবং লভ্যাংশও কমে যায়। তাছাড়া সুদ পরিশোধের বাধ্যবাধকতা বিনিয়োগের ঝুঁকিকে বাড়িয়ে দেয়। সাধারণত মনে করা হয় ঋণ ও সম্পদের অনুপাত ১ এর কম হলে কেবল উক্ত কোম্পানিতে বিনিয়োগ করাটা নিরাপদ।



চিত্রঃ কোম্পানি নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ

বিনিয়োগ ডালা সাজানোর প্রক্রিয়া

সব বিনিয়োগ একটা ক্ষেত্রে সীমাবদ্ধ না রেখে, ভিন্ন ভিন্ন খাতে ভাগ করে দেয়া উচিত। এ ধরনের সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ প্রভাবক হয়ে দাঁড়াতে পারে বিনিয়োগকারীর বয়স ও ঝুঁকি গ্রহণের ক্ষমতা। মোট বিনিয়োগকে কম, মাঝারি এবং অধিক ঝুঁকি এবং আয় বিবেচনায় সাজানো দরকার। তারল্যতা এবং মুনাফার সঠিক সমন্বয় করে সঞ্চয়কে শেয়ার, প্রাইস-বন্ড, সঞ্চয়পত্র, বৈদেশিক মুদ্রা, বিভিন্ন ধাতব-পদার্থ, এমনকি স্থানীয় ব্যবসা-বাণিজ্য বিনিয়োগ করা উচিত। তবে অধিক মুনাফার লোভে পড়ে ঝুঁকিপূর্ণ খাতে বেশি বিনিয়োগ না করা শ্রেয়। সিকিউরিটিজে বিনিয়োগের সময় আপনি কোন শেয়ারে বা মিউচুয়াল ফান্ডে বা ঋনপত্রে বিনিয়োগ করবেন তা নিজের জ্ঞান, অভিজ্ঞতা, সক্ষমতা, চাহিদা ইত্যাদি বিবেচনা করে ঠিক করতে হবে। তবে বাজারে দীর্ঘ মন্দার আশঙ্কা তৈরি হলে অবশ্যই আপনার উচিত হবে মোট পুঁজির কিছু অংশ এমন খাতে বিনিয়োগ করা, যা আপনার কাছে তুলনামূলক নিরাপদ বলে মনে হবে। এক্ষেত্রে চলতি বাজারে আপনি হয়তো প্রত্যাশা অনুযায়ী মুনাফা না-ও পেতে পারেন, এতে বড় ধরনের ধস নামলেও অন্তত সব পুঁজি হারাবেন না বা আটকে থাকবে না। যেসব কোম্পানী রকমারি পণ্য বা সেবায় নিয়োজিত আছে যেমন ভোগ্যপণ্য, ইলেক্ট্রনিক্স, পর্যটন, নির্মাণ সামগ্রী, ব্যাংক, বীমা ইত্যাদি, সাধারণত বিনিয়োগের জন্য সেসব কোম্পানি বেছে নেয়া উচিত। এসব কোম্পানির আয় অপেক্ষাকৃত একক পণ্য বা সেবা প্রদানকারী কোম্পানি হতে অধিক এবং স্থিতিশীল হয়। আমাদের দেশে বেশ কয়েকটি কোম্পানী (গ্রুপ অফ কোম্পানি) আছে যারা বিবিধ ব্যবসায়ে নিয়োজিত আছে। কোম্পানি নির্বাচনের সময় উপরল্লিখিত বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে। যদি বিনিয়োগকারী নতুন এবং অনভিজ্ঞ হন তাহলে পোর্টফলিও তৈরিতে একজন অভিজ্ঞ এবং শেয়ার বাজার সম্বন্ধে ভাল জ্ঞান রাখেন এমন কারো সাথে পরামর্শ করতে পারেন।



চিত্রঃ ক্ষেত্র অনুযায়ী বিনিয়োগ




চিত্রঃ শেয়ারের খাত অনুযায়ী বিনিয়োগ

অর্থনৈতিক চক্র এবং বিনিয়োগ খাত নির্বাচন কৌশল

অর্থনৈতিক চক্র সাধারণত বৃদ্ধি-পতন-বৃদ্ধি এই নিয়মে ঘুরতে থাকে। শেয়ার বাজারে এই চক্রটি দামের উপর দারুণ প্রভাব ফেলে। এই চক্রের উপর ভিত্তি করে কোম্পানির লাভ-লোকসান নির্ভর করে এবং বাজারে উক্ত কোম্পানির শেয়ারের দামও উঠা-নামা করে। এই চক্রের প্রভাব কোম্পানি ভেদে ভিন্ন হয়। যখন অর্থনৈতিক অবস্থা ভালো হয়, তখন কিছু খাত মুনাফা করলেও অন্যান্য খাত লোকসানে পড়তে পারে। আবার অর্থনৈতিক অবস্থা খারাপ হলে কিছু খাত ভালো করে। এই অবস্থাকে মোকাবেলা করার জন্য বিনিয়োগের সময় খাত বিবেচনা করা বাঞ্ছনীয় আর এই প্রক্রিয়াকে খাত ঘূর্ণন (সেক্টর রোটেশন) পদ্ধতি বলে। কিভাবে অর্থনৈতিক চক্রের সাথে বিভিন্ন খাতের কদর বাড়ে এবং কমে তা নিচে দেখানো হল।

যখন বাজার মন্দা কাটিয়ে ভালোর দিকে (উর্ধ্বগতি) যায় তখন প্রচুর ঋণের প্রয়োজন হয় এবং আর্থিক খাতের ব্যাপক চাহিদা সৃষ্টি হয়। এই খাতের মধ্য ব্যাংক, বীমা, ব্রোকারেজ ইত্যাদির নাম উল্লেখযোগ্য। যেহেতু সবে মাত্র মন্দা গেল, এই সময় সুদের হার কম থাকে, ঋনের চাহিদা বাড়ে এবং তাদের টার্নওভারও বৃদ্ধি পায়।



চিত্রঃ অর্থনৈতিক চক্রানুযায়ী লাভজনক বিনিয়োগ (নির্বাচিত) খাত

আর্থিক খাতের পর অল্পকিছুদিন পর প্রযুক্তি খাতের অবস্থা ভালো হয়। কারণ এই সময় বিভিন্ন ব্যবসা-প্রতিষ্ঠান তাদের পণ্য এবং সেবার উৎপাদনশীলতা, গুণগত মান এবং প্রসার বাড়ানোর জন্য প্রযুক্তির সহয়তা নিয়ে থাকে।

প্রযুক্তি খাতের চাহিদা শেষ হওয়ার সাথে সাথে ভোগ্যপণ্যর চাহিদা বাড়তে থাকে। এই খাতে থাকে নিত্যপ্রয়োজনীয় ভোজ্য পণ্য, গাড়ি, টিভি, আবাসন ইত্যাদি। যেহেতু ইতিমধ্য অর্থনীতি ঘুরে দাঁড়িয়েছে, মানুষ তাদের জীবন যাত্রায় পরিবর্তন আনে। ভোগের পরিমাণ বাড়িয়ে দেয় এবং একটু একটু করে বিলাস জীবনের দিকে ঝুঁকে। লোকজন যখন ভোগের পরিমাণ বাড়িয়ে দেয়, তখন চাহিদা ঠিক রাখতে বিভিন্ন খাতের উৎপাদনও বেড়ে যায়। এতে করে কাঁচামাল, উৎপাদন শিল্পের জিনিসপত্রের চাহিদা বাড়ে এবং সেই সাথে উৎপাদিত পণ্য বা সেবা ক্রেতার দোরগোড়ায় পৌঁছে দিতে পরিবহন খাতেরও ব্যাপক চাহিদা বৃদ্ধি পায়। ঠিক এই সময়ে অর্থনীতি বেশ চাঙ্গা অবস্থায় থাকে। অর্থনীতির এই চাঙ্গা অবস্থাকে আরো গতিশীল করতে শক্তি খাতের (অ্যানার্জি) ব্যাপক চাহিদা পরিলক্ষিত হয়। কারণ এই সময় প্রতিটি খাতে তাদের পণ্য ও সেবার সর্বোচ্চ চাহিদা থাকে এবং এই বিশাল চাহিদার সরবরাহ নিশ্চিত করতে জ্বালানি শক্তির চাহিদা তুঙ্গে থাকে।

সাধারণ নিয়মানুযায়ী যখন কিছু তুঙ্গে উঠে যায় তা আবার নামতে শুরু করে। যখন চাহিদা আর বাড়ার সুযোগ থাকেনা, তখন চক্রের নিম্নগতি ধীরে ধীরে পরিলক্ষিত হয়। এই সময় লোকজন প্রতিরক্ষা কৌশল অবলম্বন করে। এই পরিস্থিতিতে অন্যসব খাতের চাহিদা নিম্নগামি হলেও নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য যেমন খাদ্য, পানীয় এবং পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পণ্য কিনতে হয়। এরপর অবস্থা আরো খারাপ হলে ভোগ্যপণ্যর ব্যবহার কমালেও উপযোগ খাত যেমন পানি, গ্যাস, এবং বিদ্যুৎ এর ব্যবহার না করে উপায় থাকে না। এরপর পরিস্থিতির আরো অবনতি হলে লোকজন খেতে পারুক আর না পারুক বেঁচে থাকার জন্য চিকিৎসা সেবা নিতেই হয়। সর্বশেষে চিকিৎসা সেবা নেয়ার পরিমাণ কমিয়ে দিলেও স্বাস্থ্যকর জীবন-জাপনের জন্য পয়নিস্কাশন, ময়লা-আবর্জনা পরিস্কার সেবা বরাবরই চালু রাখতে হয়।

নিয়মানুযায়ী অর্থনীতি তলানিতে পৌঁছুলে আবারো উপযুক্ত পরিকল্পনা ও কর্মপন্থা প্রণয়নের মাধ্যমে তা ঘুরে দাঁড়াতে শুরু করে এবং এই ঘুরে দাঁড়ানোকে সাহায্য করতে আর্থিক খাত ভূমিকা পালন করে। সুতরাং এতে পরিস্কার বুঝা গেল অর্থনীতির গতিবিধির সাথে একেক খাতের একেক রকম ভূমিকা আছে এর ফলে বাজারে তাদের চাহিদারও উঠানামা হয়।

উপসংহার

আমাদের জীবনে অর্থনৈতিক মন্দা একটা স্বাভাবিক ঘটনা। এটি সময় সময় ঘুরে ফিরে আসে। তাই, সময় থাকতে এই মন্দাকে মোকাবেলা করার জন্য অবস্থা যখন ভালো থাকে তখন প্রস্তুতি নিয়ে রাখতে হবে। যদি সঞ্চয় পরিকল্পনা যথাযথ ভাবে করা যায় তাহলে বিনিয়োগ করার ক্ষমতা বেড়ে যায় এবং অর্থনীতির অবস্থা বিবেচনায় সেক্টর রোটেশনের মাধ্যমে বিনিয়োগ থেকে অর্জিত আয়কে বেগবান করতে হবে। কেবল সব খাতে বিনিয়োগ করে বসে থাকলে হবে না। নিয়মিত পর্যালোচনার মাধ্যমে বিনিয়োগের পরিমাণকে উপরিল্লিখিত চক্রানুযায়ী নিয়মিত পরিবর্তন করতে হবে। জীবন ধ্বংসকারী কোভিডের থাবায় বর্তমানে পৃথিবীব্যাপী যে মন্দা চলছে, আশাকরা যায় অচিরেই তা সমাধান হয়ে আমাদের জীবনে স্বাভাবিক গতি ফিরে আসবে।

তথ্যসূত্র

১) ওয়ার্ল্ডওমিটারস
২) জয় অ্যাডকিন্সন, ফোর্বস সাময়িকী
৩) রেবেকা লেক, স্মার্ট অ্যাসেট

ড. ইমন কল্যাণ চৌধুরী
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান
হিসাব বিজ্ঞান বিভাগ
সি আই ইউ বিজনেস স্কুল
চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, চট্টগ্রাম।

এক্সচেঞ্জ সংবাদ

বাংলাদেশ ব্যাংকের নবনিযুক্ত ডেপুটি গভর্নরকে সিএসইর পক্ষে ফুলেল শুভেচ্ছা



২১ মার্চ ২০২১ ঢাকা: সম্প্রতি সিএসইর ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদ বাংলাদেশ ব্যাংক-এর নবনিযুক্ত ডেপুটি গভর্নর আবু ফারাহ মোঃ নাসের-কে সিএসই পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

এ সময় পুঁজিবাজারের উন্নয়ন ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে তাঁরা আলোচনা করেন এবং বাজার উন্নয়নের জন্য একযোগে কাজ করার ব্যাপারে একমত পোষণ করেন ।

সিএসইতে তিন কোম্পানির শেয়ার লেনদেন শুরু

লুব-রেফ (বাংলাদেশ) লিমিটেড

০৯ মার্চ ২০২১ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে লুব-রেফ (বাংলাদেশ) লিমিটেড-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর মোঃ ইউসুফ, লুব-রেফ-এর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট ইস্যু ম্যানেজারগণ, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ এবং সিএসই ঢাকা অফিসের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।





এনআরবিসি ব্যাংক লিমিটেড

২২ মার্চ ২০২১ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে এনআরবিসি ব্যাংক লিমিটেড-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় ব্যাংকের চেয়ারম্যান এস এম পারভেজ, এনআরবিসি-এর পরিচালক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট ইস্যু ম্যানেজারগণ, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ এবং সিএসই ঢাকা অফিসের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ

২৯ মার্চ ২০২১ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় কোম্পানির পরিচালক আমিনুর রহমান, সিইও (কারেন্ট চার্জ) মোঃ আবুল কাশেম ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট ইস্যু ম্যানেজারগণ, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ এবং সিএসই ঢাকা অফিসের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।





এনআরবিসি ব্যাংক লিমিটেড


২২ মার্চ ২০২১ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে এনআরবিসি ব্যাংক লিমিটেড-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় ব্যাংকের চেয়ারম্যান এস এম পারভেজ, এনআরবিসি-এর পরিচালক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট ইস্যু ম্যানেজারগণ, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ এবং সিএসই ঢাকা অফিসের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ

২৯ মার্চ ২০২১ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় কোম্পানির পরিচালক আমিনুর রহমান, সিইও (কারেন্ট চার্জ) মোঃ আবুল কাশেম ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট ইস্যু ম্যানেজারগণ, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ এবং সিএসই ঢাকা অফিসের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



Sector Volatility : March 2021



Banking	0.008792536	Leather & Footwear	0.633283285
Cement	0.023735676	Life Insurance	0.259061555
Ceramic	1.019607816	Miscellaneous	2.057793966
Energy	1.228338498	Mutual Funds	1.129062675
Eng & Electrical	1.134845297	Papers & Printing	0.761594257
Foods & Allied Products	0.96156702	Pharma & Chemicals	1.137200866
General Insurance	1.353248628	Service & Property	1.51407318
ICT	0.816853325	Telecommunications	1.539050427
Leasing & Finance	2.120291853	Textile & Clothing	0.648146904

N.B. All calculations have been done based on Sectoral Index.

$$\sigma_T = \sigma\sqrt{T}$$


σ_T = volatility over a time horizon
σ = standard deviation of returns
T = number of periods in a time horizon

RSI (Relative Strength Index) of 30 Companies belonging to CSE-30 Index

Name of Companies	RSI
AAMRA NETWORKS LIMITED	36.94
ACME LABORATORIES LTD.	41.54
AL-ARAFAH ISLAMI BANK LTD	60.83
AMAN FEED LIMITED	40.84
ARGON DENIMS LIMITED	57.14
BANGLADESH NATIONAL INSURANCE COMPANY LIMITED	65.69
BANGLADESH STEEL RE-ROLLING MILLS LTD.	30.35
BATA SHOE COMPANY LTD.	100.00
BD FINANCE AND INVESTMENT CO.	40.29
BSRM STEELS LTD	3240
CITY BANK	46.79
DELTA LIFE INSURAN	29.57
DOREEN POWER GENERATIONS AND SYSTEMS LIMITED	33.55
EASTERN HOUSING	4542
ESQUIRE KNIT COMPOSITE LIMITED	25.79


Name of Companies	RSI
IDLC FINANCE LIMITED	21.75
JAMUNA BANK LTD.	61.74
JAMUNA OIL COMPANY LIMITED	45.26
KHULNA POWER COMPANY LTD.	100.00
MEGHNA PETROLEUM LIMITED	33.11
MJL BANGLADESH LTD.	47.86
OLYMPIC INDUSTRIES LIMITED	53.56
ORION PHARMA LTD.	30.07
PADMA OIL	52.12
PRIME BANK LIMITED	53.96
RATANPUR STEEL RE-ROLLING MILLS LTD.	100.00
SINGER BANGLADESH LIMITED	49.95
SQUARE PHARMA	16.26
SUMMIT POWER LTD.	41.56
TITAS GAS TRANSMISSION AND DISTRIBUTION COMPANY LTD	31.80

CSE-30: RSI: March 2021



$$RSI = 100 - \frac{100}{1 + RS} \qquad RS = \frac{\text{Average gain}}{\text{Average loss}}$$


CSE-30 Price Volatility: March 2021



AAMRA NETWORKS LIMITED	0.029539015
ACME LABORATORIES LTD.	0.018441926
AL-ARAFAH ISLAMI BANK LTD	0.009827573
AMAN FEED LIMITED	0.033447827
ARGON DENIMS LIMITED	0.001703129
BANGLADESH NATIONAL INSURANCE CO. LTD.	0.037137074
BANGLADESH STEEL RE-ROLLING MILLS LTD.	0.024778687
